

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.৫২৩

তারিখ: ৬ কার্তিক ১৪২৮

২২ অক্টোবর ২০২১

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে আবেদন পত্র পাওয়া গেছে:

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	আবেদনের বিষয়
১	বিকেএসপি পাবলিক স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা	উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
২	আলীপুর বালিকা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, দুর্গাপুর, রাজশাহী	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৩	নূরুল আলম স্কুল, কেরানীগঞ্জ, ঢাকা	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৪	বারটিকরী সৈয়দবাগ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৫	অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুল, সদর, জামালপুর	নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৬	গড়পাড়া শেখ ফজলুল হক মনি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৭	চরসুবুদ্ধি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, রায়পুরা, নরসিংদী	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৮	ডাঙ্গুয়া পাড়া রাবেয়া-কাদের নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, রৌমারী, কুড়িগ্রাম	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৯	রেনেসাঁ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, সদর, গাজীপুর	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
১০	এম.ডি.সি. মডেল ইনস্টিটিউট, পল্লবী, ঢাকা	উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন করে নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ/সংযুক্ত করে সংযুক্ত ছক মোতাবেক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:


(১) প্রতিষ্ঠানের EIIN নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ও ইমেইল ঠিকানা;

(২) প্রতিষ্ঠানের নিজস্ব ভূমির নামজারি এবং হালনাগাদ খাজনা পরিশোধের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);

(৩) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণ হলে ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তিনামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি (খ) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক- সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে); ও

(৪) মাধ্যমিক পর্যায়ে পাঠদানের ক্ষেত্রে ৩ বছরের জেএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ) এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের ক্ষেত্রে- ৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ)।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২২-১০-২০২১

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

বিতরণ :


- ১) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা
- ২) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
দিনাজপুর
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা
বোর্ড, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.৫২৩/১(৫)

তারিখ: ৬ কার্তিক ১৪২৮
২২ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) অধ্যক্ষ/প্রধান শিক্ষক,



২২-১০-২০২১

আনোয়ারুল হক

উপসচিব